

AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date: 23.10.2024

Time: 7.35A.M.

বিশেষ বিশেষ খবর -

১) বঙ্গোপসাগের কেন্দ্রীভূত ঘূর্ণবর্তটি সুষ্পট নিম্নচাপের রূপ নিয়ে পশ্চিম, উত্তর-পশ্চিম দিকে অগ্রসর হচ্ছে। আজই এটির সামুদ্রিক ঘূর্ণিঝড় দানায় পরিণত হওয়ার সম্ভাবনা।

২) ঘূর্ণিঝড়ের প্রভাবে দক্ষিণবঙ্গের জেলাগুলিতে ভারী থেকে অতি ভারী বৃষ্টির সম্ভাবনা।

ঝড়ের মোকাবিলায় রাজ্য সরকার সবরক প্রস্তুতি নিচ্ছে। উপকূলবর্তী ৭-টি জেলায় স্কুল ও অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলিতে আজ থেকে শনিবার পর্যন্ত ছুটি ঘোষণা করা হয়েছে।
রেল বাতিল করেছে বেশকিছু ট্রেন।

৩) রাজ্যে ৬-টি বিধানসভা আসনের উপ-নির্বাচনে কংগ্রেস তাদের প্রার্থীর নাম ঘোষণা করেছে।

৪) বিধানসভা উপ-নির্বাচনে আদর্শ আচরণবিধি জারি থাকায় নির্বাচন কমিশন বাংলা আবাস যোজনার অধীনে সমীক্ষার কাজ বন্ধ রাখার নির্দেশ দিয়েছে।

৫) আই এস এল ফুটবলে ইস্টবেঙ্গল ওড়িশা এফ সি -র কাছে পরাজিত।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বঙ্গোপসাগরে কেন্দ্রীভূত ঘূর্ণবর্তটি সুষ্পট নিম্নচাপের রূপ নিয়ে ঘন্টায় তিন কিলোমিটার বেগে পশ্চিম উত্তর-পশ্চিম দিকে অগ্রসর হচ্ছে। আবহাওয়া দণ্ডের সর্বশেষ বুলেটিনে জানানো হয়েছে, ঘূর্ণিঝড়টি গতকাল রাত সাড়ে ১১ টা নাগাদ

নাগাদ পারাদ্বীপের ৬৭০ কিলোমিটার দক্ষিণ-পূর্ব , সাগরদ্বীপের ৭২০ কিলোমিটার দক্ষিণ দক্ষিণ-পূর্বে এবং বাংলাদেশের খেপুপাড়ায় ৭০০ কিলোমিটার দক্ষিণ দক্ষিণ-পূর্বে অবস্থান করছিল। এই নিম্নচাপের ত্রিমে পশ্চিম, উত্তর-পশ্চিম দিকে অগ্রসর হয়ে আজই সামুদ্রিক ঘূর্ণিঝড় দানায় পরিণত হওয়ার কথা।

তারপর তা আরও উত্তর-পশ্চিম দিকে অগ্রসর হয়ে আগামীকাল ২৪ তারিখ সকালে, অতিপ্রবল সামুদ্রিক ঘূর্ণিঝড়ের রূপ নেবে। ২৪ তারিখেই রাত সাড়ে ১১-টা থেকে শুক্রবার ভোর পাঁচটার মধ্যে পুরী ও সাগরদ্বীপ দিয়ে এই ঘূর্ণিঝড়ের স্তলভাগে প্রবেশ করার সম্ভাবনা। সেই সময় ঝড়ের গতিবেগ ঘণ্টায় ১০০ থেকে ১২০ কিলোমিটার পর্যন্ত থাকতে পারে।

এই ঝড়, তার মোকাবিলা এবং প্রশাসনিক প্রস্তুতি নিয়ে একটি বিশেষ প্রতিবেদন-

(ভিসি- অভিরূপ)

এদিকে ঘূর্ণিঝড় দানার প্রভাবে দক্ষিণবঙ্গের জেলাগুলিতে ভারী থেকে অতি ভারী বৃষ্টির সম্ভাবনা। পূর্ব ও পশ্চিম মেদিনীপুর ও দুই ২৪ পরগনায় আজ ভারী বৃষ্টির হলুদ সতর্কতা জারি করা হয়েছে। আগামীকাল অতি ভারী বৃষ্টির লাল সতর্কতা জারি থাকছে দুই মেদিনীপুর ও দক্ষিণ ২৪ পরগনায়। কলকাতা, হাওড়া, ভগুলী, উত্তর ২৪ পরগনা, ঝাড়গ্রামে কমলা সতর্কতা এবং অন্যান্য জেলায় হলুদ সতর্কতা জারি হয়েছে। 'শুক্রবার'ও চলবে ভারী বৃষ্টি।

ঝড়-বৃষ্টির প্রভাবে উপ-কূলবর্তী এলাকাগুলিতে ঘণ্টায় ৯০ কিলোমিটার পর্যন্ত বেগে ঝোড়ো হাওয়া বয়ে যেতে পারে। সমুদ্র উত্তাল থাকবে। মৎস্যজীবীদের ২৫ তারিখ পর্যন্ত সমুদ্রে পাড়ি দিতে নিষেধ করা হয়েছে।

কলকাতা ও হলদিয়া বন্দরে এক নম্বর বিপদ সংকেত এবং সাগরদ্বীপে ৩ নম্বর বিপদ সংকেত জারি করা হয়েছে।

পূর্ব উপকূল রেল আজ থেকে পরবর্তী তিনিদিনে ১৯৮টি ট্রেন বাতিল করেছে।

জাতীয় বিপর্যয় মোকাবিলা বাহিনী এন ডি আর এফ ও ঘূর্ণিঝড় মোকাবিলায় সব রকমের প্রস্তুতি নিয়েছে। এন ডি আর এফ এর দ্বিতীয় ব্যাটেলিয়নের ডেপুটি কম্যান্ডান্ট পুষ্পেন্দ্র কুমার আকাশবাণীকে এক একান্ত সান্ধানকারে জানান

(বাইট - পুষ্পেন্দ্র)

০০০০০০০০০০০০০০০০০০০০০০

ঘূর্ণিঝড় দানার মোকাবিলায় তৎপর রয়েছে ভারতীয় উপকূল রক্ষী বাহিনী। সমুদ্র এবং উপকূলবর্তী এলাকায় মানুষের জীবন এবং সম্পত্তি হানি রুখতে একগুচ্ছ ব্যবস্থা নেওয়া হয়েছে। বাহিনীর উত্তর -পূর্বাঞ্চলীয় কমান্ডার ইন্সপেক্টর জেনারেল ইকবাল সিং চৌহান জানিয়েছেন ইতিমধ্যেই উপকূল রক্ষী বাহিনীর বিমান এবং জলযানগুলিকে সম্ভাব্য দুর্যোগ প্রবণ এলাকায় মোতায়েন করা হয়েছে চালানো হচ্ছে নজরদারি। পাশাপাশি মৎস্যজীবীদের সতর্ক করতে মাইকিং করা হচ্ছে। পাশাপাশি স্থানীয় প্রশাসনের সঙ্গেও নিয়মিত যোগাযোগ রক্ষা করা হচ্ছে। উপকূলীয় এলাকার নিরাপত্তার পাশাপাশি ওই এলাকার মানুষের সুরক্ষাকেও সর্বোচ্চ গুরুত্ব দেয়া হচ্ছে বলে তিনি জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০

ঘূর্ণিঝড় এর জেরে দক্ষিণ ২৪ পরগনা জেলা জুড়ে হলুদ সতর্কতা জারী করা হয়েছে। আমাদের জেলা সংবাদদাতা জানিয়েছেন

(ভয়েসকাস্ট - গৌতম)

০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য ছ টি বিধানসভা উপনির্বাচনে কংগ্রেস তাদের প্রার্থীর নাম ঘোষণা করেছে। সিতাই তফসিলী জাতি সংরক্ষিত আসনে প্রার্থী হয়েছেন হরিহর রায় সিংহ। মাদারি

হাট তফসিলি উপজাতি সংরক্ষিত বিধানসভা কেন্দ্রে বিকাশ চামপ্র মারি কে প্রার্থী করা হয়েছে।

এ ছাড়া নৈহাটি কেন্দ্রে পরেশ নাথ সরকার, হারোয়া বিধানসভা কেন্দ্রে হাবিব রেজা চৌধুরী, মেদিনীপুর বিধানসভা কেন্দ্রে শ্যামল কুমার ঘোষ ও তাল ডাঙা বিধানসভা কেন্দ্রে তুষার কান্তি সান্নিগ্রহীকে প্রার্থী করেছে কংগ্রেস।

কংগ্রেস সভাপতি Mallikarjun Kharge র অনুমোদনক্রমে AICC-র সাধারণ সম্পাদক KC বেগুগোপালের স্বাক্ষরিত এক প্রেস বিবৃতিতে গতকাল এই ছটি বিধানসভা উপনির্বাচনে কংগ্রেস প্রার্থীদের নাম ঘোষণা করা হয়।

উল্লেখ্য, এই ৬ টি বিধানসভা আসনের উপনির্বাচনে ভোট নেওয়া হবে ১৩ ই নভেম্বর। এ জন্যে মনোনয়ন পত্র দাখিল করা যাবে শুক্রবার ২৫ শে অক্টোবর পর্যন্ত।

০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের আসন্ন ছ'টি বিধানসভার উপনির্বাচনে ওইসব এলাকায় ‘আদর্শ আচরণ বিধি’ জারি থাকার কারণে নির্বাচন কমিশন ‘বাংলা আবাস যোজনা’র অধীনে সমীক্ষার কাজ বন্ধ রাখার নির্দেশ দিয়েছে। কোচবিহার, আলিপুরদুয়ার, বাঁকুড়া এবং পশ্চিম মেদিনীপুর জেলার সঙ্গে জলপাইগুড়ি ও উত্তর ২৪ পরগনার অন্তর্গত যে তিনটি বিধানসভা এলাকায় উপনির্বাচন হবে সেখানে ভোট প্রক্রিয়া শেষ না হওয়া পর্যন্ত এই কাজ বন্ধ থাকবে।

উল্লেখ্য, রাজ্য সরকার ‘বাংলা আবাস যোজনা’ প্রকল্পে পাকা বাড়ি তৈরি করে দেওয়ার জন্য উপভোক্তাদের ১ লক্ষ ৩০ হাজার টাকা দিতে গত সোমবার থেকে সরকারি অনুদানের যাচাই করার কাজ শুরু করে। গতকাল বিজেপি একটি প্রতিনিধি দল মুখ্য নর্বাচনী আধিকারিকের দপ্তরে গিয়ে এই কাজ বন্ধ রাখার দাবী জানায়। তবে অন্যান্য জেলাতে এবং জলপাইগুড়ি ও উত্তর ২৪ পরগনার বাকি অংশে সমীক্ষার কাজ চলবে।

এদিকে, এই উপনির্বাচনের জন্য আপাতত ৮৯ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করে হচ্ছে। এরমধ্যে মাদারিহাটে ১৪, নৈহাটিতে ১০, হাড়োয়ায় ১৫, মেদিনীপুরে ১৬, তালডাংরায় ১৮ ও সীতাইতে ১৬ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হবে। ছয় কেন্দ্রের উপনির্বাচনে বাহিনী মোতায়েনের রূপরেখা স্থির করতে মুখ্য নির্বাচনী আধিকারিক আরিজ আফতাবের পৌরহিত্যে আজ এক বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়।

০০০০০০০০০০০০০০০০০০০

ঝালদা পুরসভার ১২ নং ওয়ার্ডের কাউণ্সিলার পূর্ণিমা কান্দুর বাড়িতে গতকাল যায় ফরেনসিক দল। দুর্গাপুর থেকে ফরেনসিক দলের কয়েক জন সদস্য এখন পূর্ণিমার বাড়িতে গিয়ে সেই ঘরের থেকে নমুনা সংগ্রহ করছেন যেখানে তাকে অঙ্গান অবস্থায় উদ্ধার করা হয় তাকে। চলতি মাসের ১১ তারিখ নিজের বাড়িতে সংজ্ঞাহীন অবস্থায় পাওয়া যায়। তাকে হাসপাতালে নিয়ে যাওয়া হলে মৃত বলে ঘোষণা করা হয়।

০০০০০০০০০০০০০০০০০০

আইএসএল ফুটবলে ইস্টবেঙ্গল ১-২ গোলে ওড়িশা এফ সি, র কাছে পরাজিত হয়েছে। ভুবনেশ্বরের কলিঙ্গ ষ্টেডিয়ামে গতকাল এই ম্যাচে ওড়িশা এফ সি, র রয় কৃষ্ণ ও মুরতাদা ফল এবং ইস্টবেঙ্গলের দিয়ামানতাকোস গোল করেন।

উল্লেখ্য, এবারের আইএসএলে ইস্টবেঙ্গল টানা ষষ্ঠ ম্যাচে হেরে এখনো কোন পয়েন্ট পেল না। অন্যদিকে ওড়িশা এফ সি পাঁচ ম্যাচে সাত পয়েন্ট নিয়ে পয়েন্ট তালিকার সপ্তম স্থানে আছে।

০০০০০০০০০০০০০০০